কোটচাঁদপুর সাপের কামড়ে একজনের মৃত্যু

এন্টিভেনম ইনজেকশন দিয়ে ও সাপের কামড় থেকে বাঁচতে পারেনি ফরহাদ হোসেন (১৪)। আজ বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের বলুহর গ্রামের বকুলতলা পাড়ায়।

প্রতিবেশী বিমল শর্মা বলেন,গতকাল বুধবার রাতে মাটির ঘরে শুয়ে ছিল ফরহাদ হোসেন(১৪)। ঘুমন্ত অবস্থায় ওই রাতে সাপে কামড় দেয় তাঁর ঠোটে। বিষয়টি তাঁর পরিবারকে জানালে তাকে উদ্ধার করে প্রথমে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স,পরে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যান স্বজনরা।

হাসপাতালে ইনজেকশন এন্টিভেনম না থাকায়,ফরহাদের স্বজনদের ইনজেকশন কিনে আনতে বলেন হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক। এরপর তাঁর স্বজনরা ১৪ হাজার টাকা দিয়ে এন্টিভেনম কিনে আনেন। পরে ওই ইনজেকশন দেয়ার পর সে মৃত্যুর কোলে ঢলে পড়েন বলে জানিয়েছেন ভুক্তভোগীরা।

ফরহাদ হোসেন কোটচাঁদপুরের বলুহর গ্রামের বকুল তলা পাড়ার শান্তি হোসেনের ছেলে।

বিষয়টি নিয়ে ঝিনাইদহের সিভিল সার্জন শুভ্র রানী দেবনাথ বলেন,হাসপাতালের দায়িত্ব আমার না। ওখানে তত্ত্বাবধায়ক আছেন রেজাউল ইসলাম। তিনি বলতে পারবেন। তবে এন্টিভেনম হাসপাতালে নাই এটা আমি জানি। কারন কয়েক দিন আগে জেলা প্রশাসকের সঙ্গে মিটিংয়ে বিষয়টি সবাইকে জানানে হয়ে ছিল।

কোটচাঁদপুরে বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের বাধা উপেক্ষা করে নানা আয়োজনের মধ্য দিয়ে বিএনপি’র (৪৫) তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

[redacted]

[redacted]

আওতায় প্রকল্পটি চালু করন ও বেতন ভাতা বৃদ্ধির দাবীতে এ মানববন্ধন করা হয়।

বক্তারা আরও বলেন, এ প্রকল্পটি বন্ধ হলে আমরা আবার বেকার হয়ে যাবো। এ কারনে ২১০০০ হাজার পরিবারের দিকে লক্ষ্য রেখে আমাদের প্রকল্পটি ৩০-০৯-২০২৩ ইং তারিখের পর থেকে পুনরায় চালু করার জোর দাবী জানাচ্ছি।

মানববন্ধন পালনে,বৃহস্পতিবার সকাল থেকে মাল্টিপারপাস হেলর্থ ভলানটিয়ার (এম এইচ ডি)’রা জড়ো হতে থাকেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে। ১০ টায় শুরু হয় মানববন্ধন। যা চলে ঘন্টাব্যাপী। মানববন্ধনে অংশ গ্রহন করেন, এ উপজেলায় কর্মরত ৭৭ জন (এম এইচ ভি)।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, তাদের নিয়োগ কোন দিন ছিল না। বাছাই করে তাদের কমিউনিটি ক্লীনিকের আওতায় কাজে দেয়া হয়েছিল। এর জন্য তারা একটা সম্মানি পেত।

আগামী সেপ্টেম্বর মাস থেকে তাদের কার্যক্রম বন্ধ রাখার জন্য চিঠি দিয়েছেন সংশ্লিষ্ট দপ্তর। তবে কি কারনে বন্ধ রাখবেন,সেটা সম্পর্কে কোন কিছুই জানাননি ওই চিঠিতে।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন শুভ্রা রানী দেব নাথ বলেন,এমএইচভিদের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দিয়ে ছিলেন মন্ত্রণালয়। বন্ধ ও করেছেন মন্ত্রণালয়। এটা নিয়ে আমাদের কিছু বলার নাই। এম এইচভিরা কোটচাঁদপুরে মানববন্ধন করেছে,এটা আপনি জানেন কি,এমন প্রশ্নে তিনি বলেন, করতে পারে। তবে এটা উপজেলা লেবেলে করে লাভ কি। ঢাকায় গিয়ে করুক। যাতে করে বিষয়টি মন্ত্রী সচিবদের নজরে আসে।

কোটচাঁদপুর বিএনপি’র ৪৫ তম

প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা

ঝিনাইদাহের কোটচাঁদপুর উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর ৫নং এলাঙ্গী ইউনিয়ন বিএনপির আয়োজনে বুধবার বিকালে উপজেলা বিএনপির মেন বাস স্ট্যান্ডে দলীও কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইকরামুল হক এর সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রভাষক মোঃ সাইফুর রহমান মিন্টু,উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান খোকা, সাংগঠনিক সম্পাদক মোঃ গোলাম মোস্তফা মন্টু,এলাঙ্গী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদকসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় নেতৃবৃন্দরা বলেন আগামী পহেলা সেপ্টেম্বরে দলের প্রতিষ্ঠাবার্ষিকীতে সকল স্তরে নেতৃবৃন্দের উপস্থিতি কামনা করেন

কোটচাঁদপুরে ২১ আগস্ট গ্রেনেড হামলা উপলক্ষে দোয়া ও আলোচনা সভা

২১ আগস্ট গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনায় কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান

কোটচাঁদপুরে মটর সাইকেল ডিলারের কারনে প্রাণ গেলো মফিজুরের

দাফন সম্পন্ন হয়েছে মাফিজুর রহমানের। এরপর ও একমাত্র ছেলেকে হারিয়ে কান্না থামছে না,তাঁর মায়ের। গতকাল শুক্রবার কাঁদছিল আর প্রলাপ করছিল,বলছিল মটর সাইকেল ডিলারের কারনে আমার ছেলেটা আজ হারিয়ে গেল। এ বিষয়ে তিনি আদালতে মামলাও করবেন বলে জানিয়েছেন।

জানা যায়,গেল এক বছর হল কোটচাঁদপুরের ঢাকা মটরস থেকে কিস্তিতে মটর সাইকেল কেনেন মাফিজুর রহমান মাফি(২০)। ইতোমধ্যে পরিশোধ ও কিস্তির ১ লাখ ১০ হাজার টাকা।

বাকি পড়েছে কয়েকটি কিস্তি। ওই টাকা পরিশোধে সময় নেন ২৬ আগষ্ট পর্যন্ত। এরমধ্যে শো-রুম থেকে ডাকা হয় গেল বুধবার। রেখে দেন মটর সাইকেলটি। মাফিজুর মটর সাইকেল রেখে এসে, নিজ দোকানের মধ্যেই গলায় রশি দেন গামছা দিয়ে।

পরিবারের লোকজন উদ্ধার করে,হাসপাতালে নেয়ার আগেই সে মারা যায় বলে জানান সংশ্লিষ্টরা। পরে কোটচাঁদপুর থানা পুলিশ তাঁর মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠান।বৃহস্পতিবার বিকেলে সম্পন্ন হয়, তাঁর জানাযার নামাজ। গতকাল শুক্রবারও কান্না থামছিল না মাফিজুর রহমানের মা আমেনা খাতুনের। তিনি কাঁদছিল আর প্রলাপ করছিল। অভিযোগ করছিল মটর সাইকেল শো-রুম কতৃপক্ষের বিরুদ্ধে। মাফিজুরের মা বলছিলেন,তারা টাকা পাবেন,টাকা নিতে পারবেন আজ অথবা কাল।তারা মটর সাইকেলটি কেড়ে নেওয়ায় আমার একমাত্র বুকের ধন আজ হারিয়ে গেল।

তিনি বলেন, আমি তাদের টাকা পরিশোধ করে দিচ্ছি, তারা আমার ছেলে কে ফিরিয়ে দিক। তাদের কারনে আমি আমার ছেলেকে হারালাম। আমি তাদের বিচার চাই। এ বিষয়ে তিনি আদালতে ওই মটর সাইকেল শো-রুম মালিকের বিরুদ্ধে মামলা করব।
মাফিজুর রহমান কোটচাঁদপুরের শালকুপা গ্রামের আকিমুল ইসলামের ছেলে। সে ছিলেন, কোটচাঁদপুর ডিগ্রি কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

বিষয়টি নিয়ে মটর সাইকেল শো-রুমের মালিক আলমগীর হোসেন বলেন,তাঁর

মটর সাইকেল কেড়ে রাখা হয়নি। সে নিজে থেকে রেখে গেছেন। তিনি বলেন,তিন মাসের কিস্তিতে মটর সাইকেল নেন মাফিজুর রহমান (মাফি)। হয়ে গেছে এক বছর। এরপরও এখনো শোধ হয়নি।

মটর সাইকেলটির মূল্য ছিল ২ লাখ ৪৬ হাজার টাকা। আজ পর্যন্ত সে ১ লাখ ১০ হাজার টাকা পরিশোধ করেছেন। বাকি টাকা দেয়ার কথা ছিল ২৬ আগষ্ট। এরমধ্যে সে আমাকে বলে সাইকেলটি বিক্রি করার কথা। বুধবার সে এসেছিল। এরপর মটর রেখে চলে যান। যার প্রমান সিসিটিভিতে রয়েছে এমন দাবি তাঁর।

ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় অপমৃত্যুর মামলা হয়েছে বলে নিশ্চিত করেছেন, কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) আল মামুন।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় শোক দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের (৪৮) তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার (১৫ই আগষ্ট) সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা অর্ধ নমিত রাখার মধ্য দিয়ে দিবসটির কর্মসূচি শুরু হয়।

দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে বঙ্গবন্ধুর প্রকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনসহ, উপজেলা পরিষদ, পৌরসভা, মডেল থানা পুলিশ, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটি,সরকারি মডেল পাইলোট মাধ্যমিক বিদ্যালয়, পাইলোট মাধ্যমিক বালিকা বিদ্যালয়,কে এম এইচ ডিগ্রি কলেজে,বলুহর মৎস্য হ্যাচারী কমপ্লেক্স, রাজনৈতিক, সামাজিক, মুক্তিযোদ্ধা ও বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

পরে একটি শোক রেলী শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুনেচ্ছা মিকি।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল থানার থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, কৃষি অফিসার রাজিবুল হাসান, উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, উপজেলা যুব উন্নয়ন অফিসার সামছুল আলম,মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম,তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, পল্লী সঞ্চয় কর্মকর্তা চম্পা অধিকারী প্রমুখ। আলোচনা সভার সঞ্চালনা করেন উপজেলা কৃষি সম্পসারন অফিসার হুমায়ূন কবির ।

আলোচনা সভা শেষে (আমার চোখে বঙ্গবন্ধু) এক মিনিটের ভিডিও প্রদর্শনীতে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ ও যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে যুব ঋণের ৫৭০০০০টাকার চেক বিতরণ করা হয়।

এসময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, রাজনৈতিক নেতা-কর্মী, স্থানীয় প্রিন্ট পত্রিকার সাংবাদিক বৃন্দ ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর জনসচেতনতা মূলক আলোচনা সভা

নকল ভেজাল ঔষধ সংক্রান্ত জনসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।

কোটচাঁদপুর উপজেলার কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতির সভাপতি সোহরাব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেমিস্ট এন্ড ড্রাগিষ্টের কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার,সংগঠনের ঝিনাইদহ জেলার সভাপতি রফিকুল ইসলাম সোম,ঝিনাইদহের সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু,সমিতির কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক মালিক তবিবুর রহমান।

সভায় নকল ভেজাল ঔষধ সংক্রান্ত বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি। সভায় উপজেলার দুই শতাধিক কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সদস্য উপস্থিত ছিলেন।

সভা শেষে মহ্নাহ ভোজে যোগ দেন সবায়। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সহসভাপতি হাসানুজ্জামান ডাবলু।

কোটচাঁদপুরে সনাতন ধর্মা ছেড়ে ইসলাম ধর্ম গ্রহণ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার এলাঙ্গী ইউনিয়নে বাগডাংগা গ্রামের শ্রীঐর্শিন দাসের ছেলে শ্রী অসিত দাস (৩২) নামে এক জন ইসলাম ধর্ম গ্রহন করেছেন। তার বর্তমান নাম মোঃ ওসমান গনি।

রবিবার স্থানীয় মৌলভী সাহেবের কাছে তওবা পাঠ করে আগের হিন্দু সনাতন ধর্ম ত্যাগ করে লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ কালেমা পড়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন।

কোটচাঁদপুর পৌর এলাকার কলেজ স্টান্ড বক চত্বরের সামনে একটি সেলুনের দোকান আছে। তার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণের ইতিহাস ও মনোভাব জানতে চাইলে তিনি বলেন, আমার দোকানের পাশ দিয়ে প্রতিদিন মুসল্লী,রা দল বেঁধে মসজিদে নামাজ পড়তে যেতে দেখে হঠাৎ করে একদিন আমি সিদ্ধান্ত নিলাম কত সুন্দর ধর্ম এই ইসলাম ধর্ম তার প্রতি আকৃষ্ট হয়ে গেলাম। আকৃষ্ট হয়ে বিভিন্ন লোকের কাছ থেকে পরামর্শ নিতে থাকলাম।

পরামর্শ নিয়ে হঠাৎ আজ সিদ্ধান্ত নিয়ে মুসলমান হয়ে গেলাম আলহামদুলিল্লাহ। ইসলাম ধর্ম গ্রহণ করে আজ আমি আনন্দ উপভোগ করছি। আমার দোকানের আশপাশে যেসব দোকানদার আছেন তারা আমার মুসলমান হওয়া শুনে খুব খুশি হয়েছেন। মসজিদে জোহরের নামাজ আদায় করতে দেখে ইমাম, মোয়াজ্জিম সহ মুসল্লিরা খুব খুশি হয়েছেন। তারা আমাকে বলেছেন কোন সহযোগিতা লাগলে বলতে। সকল দোকানদাররা মিলে সাহায্য করবেন বলে আমাকে জানিয়েছেন।

এমনটাই বলেছেন আমার হিন্দু ধর্ম থেকে ইসলাম ধর্ম গ্রহণ করার কারনে যদি সংসার চালাতে কোন সহযোগিতা লাগে সেটাও করবেন পাশের সকল দোকানের মালিকগন। বিজ্ঞ নোটারি পাবলিকের যশোর কার্যালয় থেকে এভিডেভিট করে ইসলাম ধর্মে নাম লেখান। এর ৩ মাস আগে স্ত্রী, এক ছেলে এক কন্যা ইসলাম ধর্ম গ্রহণ করেন বলে জানান মোঃওসমান গনি।

৯৯৯ এ কল, বিবাদমান জমির উপর নির্মিত ভবনের কাজ বন্ধ করলো

পুলিশ

৯৯৯ এর কল পেয়ে বিবাদমান জমির উপর নির্মিত ভবনের কাজ বন্ধ করলেন মহেশপুর থানা পুলিশ। গতকাল বুধবার সকালে ওই কাজ বন্ধ করেন পুলিশ।

জানা যায়,মহেশপুরের আলমপুর বাজার সংলগ্ন প্রগতি টেডার্সের ভবনের ৮ শতক জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলে আসছে মাহবুবুর রহমান ও ইউনুচ আলীর সঙ্গে।

এরমধ্যে ইউনুচ আলী পৈত্রিক সুত্রে ওই জমির মালিকানা দাবী করছেন। যা নিয়ে আদালতে চলমান রয়েছে মামলা। গতকাল বুধবার সকালে ওই জমির উপর নির্মিত ভবনের কাজ করছিলেন মাহবুবুর রহমানের ছেলে আব্দুল্লা আল মামুন (মিনু)। খবর পেয়ে ইউনুচ আলী পুলিশের টোল ফ্রি নাম্বার ৯৯৯ এ কল করেন। এ খবরে পুলিশ আইন শৃংখলা রক্ষার্থে কাজ বন্ধ করে দেন।

বিষয়টি নিয়ে জমির মালিক ইউনুস আলী বলেন, জমি নিয়ে আদালতে মামলা চলমান রয়েছে। এরপরও তারা আদালত অবমাননা করে ওই জমির উপর নির্মিত ভবনে কাজ করছিল। আমি বাধ্য হয়ে ৯৯৯ এ কল করেছিলাম,পুলিশ এসে কাজ বন্ধ করে দিয়েছেন।
তিনি বলেন, আলামপুর মৌজার সাবেক ৪৩ দাগ,বর্তমান ৬৮ দাগের জমি এটি। মাহবুর রহমান ওই জমি ক্রয় সুত্রে মালিক। তবে তিনি জমির একপাশ কিনে, ভোগ দখল করছেন,অন্য পাশের জমি। আর এটা নিয়ে বিবাদ।

অন্যদিকে মাহবুবুর রহমানের ছেলে আব্দুল্লা আল মামুন(মিনু) বলেন,২০১৩ সালে আলমপুর মৌজার ৬৮ দাগ থেকে ৮ শতক জমি কিনেন আমার পিতা। সে থেকে ভোগ দখল করে আসছি।

ভবনও নির্মান করা হয়েছে ওই জমির উপর। এখন তারা ভবনের জায়গা,তাদের বলে দাবী করছেন। হয়রানি করছেন বিভিন্ন ভাবে। মামলা ও করেছেন বেশ কয়েকটি।

তবে আদালতে কোন প্রমান দিতে না পারায়, ইতোমধ্যে সব মামলা আদালত খারিজ করে দিয়েছেন। আর একটা মামলা আছে। ওই মামলাটিও রয়েছে শুনানি পর্যায়ে। যা শুনানি হলে, ওই মামলাও খারিজ হবে বলে আশা করছি।

বিষয়টি নিয়ে মহেশপুর থানায় সহউপপরিদর্শক (এএসআই) আজমল হোসেন বলেন,ওই জমিতে মামলা চলমান রয়েছে। এরপরও একপক্ষ কাজ করছিল।